দৈনিক বাংলা

তারিখ 29 DEC 1991
পৃষ্ঠা ... ১ কলাম ... ৬

175

# ঢাকা ভার্সিটিতে গোলাগুলি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ে বৃহস্পতিবার সন্ধ্যায় বিবদমান দুটি ছাত্র সংগঠনের মধ্যে আবার গোলাগুলি হয়েছে। জাতীয়বাদী ছাত্রদলের একজন নেতাকে লক্ষ্য করে ছাত্রলীগ (শা-অ) কর্মীরা গুলি করার পর দুপক্ষের মধ্যে গোলাগুলি শুরু হয়। সংঘর্ষ থামাতে পুলিশ ১৪ রাউণ্ড কাঁদানে গ্যাস ছোঁড়ে।

এ ঘটনার পর পুলিশ অস্ত্রধারীদের সন্ধানে জহরুল হক হলে তল্লাশী চালায়। কিন্তু কাউকে গ্রেফতার করা হয়নি।

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটিতে

(প্রথম পৃঃ পর)

প্রত্যক্ষদর্শীরা জানান, বৃহস্পতিবার বিকাল পৌনে পাঁচটায় ৪/৫ জন তরুণ কলাভবনের পাশের রাস্তায় ছাত্রদল নেতা নাদিমকে লক্ষ্য করে তিন রাউন্ড গুলি বর্ষণ করে। নাদিম অল্পের জন্য বেঁচে যান। ঘটনার পর ক্যাম্পাসে উত্তেজনা ছড়িয়ে পড়ে। সাড়ে পাঁচটায় বসুনিয়া তোরণের কাছে দু'দল তরুণের মধ্যে গোলাগুলি শুরু হয়। ১৫/২০ রাউন্ড গুলিবর্ষণের শব্দ শোনাযায়।

সংঘর্ষ শুরু হওয়ার সঙ্গে সঙ্গেই পুলিশ তৎপর হয়ে উঠে। ভাইস চ্যান্সেলরের বাসভবনের সামনে এবং নীলক্ষেত মোড়ে অবস্থানকারী পুলিশ সংঘর্ষ থামাতে ১৪ রাউন্ড কাঁদানে গ্যাস ছোঁড়ে। এ সময় ধোঁয়ায় পুরো এলাকা আচ্ছন্ন হয়ে যায় এবং সংঘর্ষ থেমে যায়।

সন্ধ্যা ছয়টায় কয়েকশত পুলিশ অস্ত্রধারীদের সন্ধানে জহরুল হক হলে তল্লাশী চালায়। এক ঘন্টা ধরে তল্লাশী চালিয়েও পুলিশ কোন অস্ত্র উদ্ধার বা অস্ত্রধারীদের গ্রেফতার করতে পারেনি।

বিশ্ববিদ্যালয়ে দু'দলের কর্মীদের মধ্যে তীব্র উত্তেজনা বিরাজ করছে। বিশ্ববিদ্যালয় এলাকায় পুলিশ যানবাহন চলাচল সম্পূর্ণরূপে বন্ধ করে দিয়েছে।